২৮/৭/২০০৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৩ ... কলাম ৮

# ঢাবি'তে কর্তৃপক্ষের আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান ॥ ছাত্রদল দাবীতে অনড়

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্রিয়াশীল ছাত্র সংগঠনসমূহ চলমান অস্থিতিশীল পরিস্থিতি নিরসনে কর্তৃপক্ষের সাথে আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান করেছে। গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনের সভাকক্ষে সিনেট ও সিন্ডিকেট সদস্য, অনুষদের ডীন, হল প্রভোস্ট ও বিভাগীয় চেয়ারম্যানদের এক যৌথ সভা থেকে ছাত্র সংগঠনসমূহের প্রতি আলোচনার প্রস্তাব এবং আগামীকাল ও ২৯ জুলাই থেকে লাগাতার ছাত্র ধর্মঘট কর্মসূচী প্রত্যাহার করার আহ্বান জানানো হয়। কিন্তু জাতীয়তাবাদী ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ কর্তৃপক্ষের দেয়া আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান করে তাদের দাবীতে অনড় রয়েছেন। এ অবস্থায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিরুপায় হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি সাংবাদিকদের জানান, 'ছাত্র সংগঠনসমূহ যদি আলোচনায় না বসতে চায় তাহলে আমার আর কিছু করার নেই।' কর্তৃপক্ষের সমঝোতার প্রস্তাব ও ছাত্র ধর্মঘট প্রত্যাহার করার আহ্বান ছাত্র সংগঠনসমূহ প্রত্যাখ্যান করায় ক্যাম্পাসে আবার অচলাবস্থা সৃষ্টি হতে পারে বলে আশংকা করা হচ্ছে।

গতকালের সভায় এই মর্মে সিদ্ধান্ত নেয়া হয় যে, বিশ্ববিদ্যালয়ের একটি করে হল কর্ডন করে প্রভোস্ট, হাউস টিউটর, সিনেট-সিন্ডিকেট সদস্য, ডীন ও প্রক্টরের উপস্থিতিতে আইন-শৃংখলা প্রয়োগকারী সংস্থাসমূহের সহযোগিতায় হলের প্রতিটি ফ্লোরে প্রতিটি কক্ষে তল্লাশি চালানো হবে। ক্যাম্পাসের ভেতরে বা ক্যাম্পাস সন্নিকটবর্তী এলাকায় কোন প্রকার সন্ত্রাসী কার্যকলাপ যাতে না ঘটে এবং অছাত্র ও বহিরাগতরা যাতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটাতে না পারে সেজন্য আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থাসমূহের কার্যক্রম আরও জোরদার করতে সভায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়। কোন ছাত্র সংগঠনভুক্ত বা বহির্ভূত কোন আবাসিক, দ্বৈতাবাসিক বা অনুমতিপ্রাপ্ত ছাত্র যদি তার হলে থাকতে বা উঠতে না পারে তাকে অবিলম্বে সংশ্লিষ্ট হলে তুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃংখলা বজায় রাখা ও সকল শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আগামী ২৪ জুলাই আহূত ছাত্র ধর্মঘট এবং ২৯ জুলাই থেকে লাগাতার ছাত্র ধর্মঘটের কর্মসূচী প্রত্যাহারের আহ্বান জানানো হয়। সভায় একটি ছাত্র সংগঠন কর্তৃক আহূত সাংবাদিক সম্মেলনে আবাসিক হলসমূহ থেকে অস্ত্র উদ্ধারের লক্ষ্যে বিভিন্ন হলের প্রভোস্ট এবং ভিসির বাসভবন তল্লাশির যে দাবী করা হয়েছে তার নিন্দা জানিয়ে একে অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত ও অছাত্রসুলভ বলে উল্লেখ করা হয়।

ছাত্রদল ও ছাত্রঐক্যের নেতৃবৃন্দের সাথে আলাপকালে তারা জানান, কর্তৃপক্ষের এ আলোচনার প্রস্তাবে তারা রাজি নন। আগে তাদের দাবী মানতে হবে। এরপর আলোচনার প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।